# 292192 - যে নারী রমযানরে কাযা রোযার নয়িত রাত থকেে না করে সকালে করত তার উপর কি করা আবশ্যকীয়?

প্রশ্ন

আমার বান্ধবী প্রতি বছর রযমানরে যে রোযাগুলো ভাঙ্গা পড়ত সগুেলোর কাযা পালন করত। কন্িতু রাত থকেে নয়িত করত না। অর্থাৎ সে সকালে নয়িত করত। সে জানত না য,ে কাযা রোযার নয়িত রাত থকেে করা ওয়াজবি। এভাবে রোযা পালনরে হুকুম কী? তার উপর কি কাফ্ফারা পরশিোধরে পাশাপাশি রোযাগুলো পুনরায় রাখতে হব?ে নাকি অন্য কছিু?

উত্তররে সংক্ষপ্তিসার

সকল আলমেরে অভমিত অনুযায়ী আপনার বান্ধবীর রমযানরে ভাংতি রোযাগুলোর কাযা পালন সঠকি হয়ন।ি তাই তার উপর ফরয সইে দনিগুলোর রোযা পুনরায় রাখা এবং তার উপর কোন কাফ্ফারা ফরয নয়। এই হুকুম সর্বশষে বছররে ক্ষত্েরে প্রযোজ্য; যহেতেু সইে বছররে রোযা কাযা পালন করার সময় এখনও বলবৎ আছ।ে পক্ষান্তর,ে বগিত বছরগুলোর রোযার ব্যাপারে কোন কোন আলমে যমেন ইবনে তাইময়িার অভমিত হচ্ছ:ে যইে ব্যক্তি অজ্ঞতাবশতঃ কোন একটি ইবাদত ভুলভাবে সম্পাদন করে থাকে এবং ঐ ইবাদতটরি সময় পার হয়ে যায় তাহলে সইে ইবাদতটি পুনরায় সম্পাদন করা তার উপর ওয়াজবি নয়। সুতরাং আপনার বান্ধবী যদি এই অভমিতটকিে গ্রহণ করনে তাহলে আশা করি এতে কোন গুনাহ নইে।

প্রিয় উত্তর

আলহামদু লল্িলাহ।.

প্রত্যকে ফরয রোযার জন্য রাত থকেে নয়িত করা আবশ্যকীয়। এটি জমহুর আলমেরে অভমিত। যহেতেু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলনে: ‘যে ব্যক্তি ফজররে পূর্ব থকেে রোযা রাখার নয়িত পাকাপোক্ত করনেি তার রোযা নইে।’[সুনানে আবু দাউদ (২৪৫৪), সুনানে তরিমযি (৭৩০), সুনানে নাসাঈ (২৩৩১)] সুনানে নাসাঈর ভাষ্যে রয়ছে:ে ‘যে ব্যক্তি ফজররে পূর্বে রাত থকেে রোযা রাখার নয়িতকে সুদৃঢ় করনেি তার রোযা নইে।’[আলবানী ‘সহহি আবু দাউদ গ্রন্থে হাদসিটকিে সহহি বলছেনে]

তরিমযি (রহঃ) হাদসিটি উল্লখে করার পর বলনে: “কোন কোন আলমেরে নকিট এ হাদসিটরি অর্থ হল: যে ব্যক্তি ফজর উদতি হওয়ার আগে রোযা রাখার দৃঢ় সংকল্প করনে,ি রাত থকেে নয়িত করনে;ি সটো রমযানরে রোযা হোক কংিবা কাযা রোযা হোক কংিবা মানতরে রোযা হোক; তার রোযা জায়যে হবে না।

আর নফল রোযা হলে সেটার নিয়ত সকালে করলেও জায়েয হবে। এটি শাফেয়ি, আহমাদ ও ইসহাকের অভিমত।”[সমাপ্ত]

ইবনে কুদামা (রহঃ) বলেন: “যদি ফরয রোযা হয়; যেমন রমযানের রোযা বা কাযা রোযা, মানতের রোযা, কাফ্‌ফারার রোযা; তাহলে রাত থেকে নিয়ত করা আমাদের ইমামের নিকট, মালেক ও শাফেয়ি... এর নিকট শর্ত। এরপর তিনি পূর্বোক্ত হাদিসটি দিয়ে দলিল পেশ করেন।”[আল-মুগনী (৩/১০৯) থেকে সমাপ্ত]

ইমাম আবু হানিফা এ ক্ষেত্রে অধিকাংশ আলেমের সাথে মতভেদ করেছেন। তিনি রোযার কিছু প্রকারের ক্ষেত্রে দিনের বেলা থেকে নিয়ত করলে জায়েয হবে বলেছেন। তবে তিনি অধিকাংশ আলেমের সাথে এ ব্যাপারে একমত যে, রমযানের কাযা রোযার নিয়ত রাত থেকে না করলে সে রোযা শুদ্ধ হবে না। বরং হানাফি মাযহাবের কোন কোন আলেম এই মর্মে ইজমা উদ্ধৃত করেছেন।

আল-কাসানি আল-হানাফী ‘বাদায়িউস সানায়ি’ গ্রন্থে (২/৫৮৫) বলেন:

“সকল রোযার ক্ষেত্রে উত্তম হচ্ছে ফজর উদিত হওয়ার সময় নিয়ত করা; যদি সেটা সম্ভবপর হয় কিংবা রাত থেকে নিয়ত করা...। যদি ফজর উদিত হওয়ার পর নিয়ত করে এবং সে রোযাটি ঋণশ্রেণীয় হয়; তাহলে ইজমার ভিত্তিতে তা জায়েয হবে না।”[সমাপ্ত]

তিনি ইতিপূর্বে (২/৫৮৪) ঋণশ্রেণীয় রোযা দ্বারা হানাফী আলেমদের উদ্দেশ্য ব্যাখ্যা করেছেন যে, “তা হচ্ছে: কাযা রোযা, কাফ্‌ফারার রোযা ও সাধারণ মানতের রোযা।”[সমাপ্ত]

এর সাথে দেখুন: ইবনে আবেদীন-এর ‘রাদ্দুর মুহতার’ (২/৩৮০)।

আরও জানতে পড়ুন: 192428 নং প্রশ্নোত্তর।

পূর্বোক্ত আলোচনার ভিত্তিতে আপনার বান্ধবী রমযানের কাযা রোযার নিয়ত দিনের বেলা থেকে করায় সকল ইমামের মতে তার রোযা শুদ্ধ হয়নি।

তার উপর ফরয হল ঐ দিনগুলোর রোযা পুনরায় রাখা। তবে তার উপর কোন কাফ্‌ফারা আবশ্যক নয়; যেমনটি ইতিপূর্বে 26865 নং প্রশ্নোত্তরে আলোচিত হয়েছে।

এই হুকুমটি তার সর্বশেষ বছরের রোযাগুলোর কাযা পালনের সাথে সংশ্লিষ্ট; যে রোযাগুলো পালনের সময় এখনও বাকী আছে। আর আগের বছরগুলোর রোযার ক্ষেত্রে ইবনে তাইমিয়ার মত কোন কোন আলেমের অভিমত হচ্ছে: অজ্ঞতাবশতঃ যে ইবাদত ভুলভাবে সম্পাদন করা হয়েছে এবং এর সময় পার হয়ে গেছে সে ইবাদতটি পুনরায় পালন করতে হবে না।

তাই যদি আপনার বান্ধবী এই অভিমতটিকে গ্রহণ করেন তাহলে আমরা আশা করছি যে, তার কোন গুনাহ হবে না।

আল্লাহ্ই সর্বজ্ঞ।